গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
সামাজিক নিরাপত্তা শাখা

নং-৪১.০০.০০০০.০৪৩.০৫.০০৬.১৭-১৪

তারিখ: ২৫ পৌষ, ১৪২৪ / ০৮ জানুয়ারি, ২০১৮

প্রেরক : শেখ রবিউল ইসলাম
সহকারী সচিব

প্রাপক : প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা
সমাজকল্যাণ মন্ত্রণালয়
সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

বিষয় : ২০১৭-১৮ অর্থবছরে বেসরকারি এতিমখানাসমূহের জন্য ১ম কিস্তির (জুলাই/১৭ হতে ডিসেম্বর/১৭) অনুদান (ক্যাপিটেশন গ্রান্ট) বরাদ্দ ও মঞ্জুরী প্রদান।

আদিষ্ট হয়ে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের ২০১৭-২০১৮ অর্থবছরে এতদসঙ্গে সংযুক্ত ৬৪ জেলার ৩৮১৪ টি বেসরকারি এতিমখানার ৮৪৩৯৫ (চুরাশি হাজার তিনশত পঁচানব্বই) জন এতিম শিশুর অনুকূলে (ক্যাপিটেশন গ্রান্ট) মাসিক ১,০০০/- (এক হাজার) টাকা হারে ১ম কিস্তিতে (জুলাই/২০১৭ থেকে ডিসেম্বর/২০১৭ পর্যন্ত) ৬(ছয়) মাসের জন্য (৮৪৩৯৫×১০০০×৬)=৫০,৬৩,৭০,০০০/-(পঞ্চাশ কোটি তেষট্টি লক্ষ সত্তর হাজার) টাকা বরাদ্দের সরকারি মঞ্জুরী এতদ্বারা জ্ঞাপন করছি। মঞ্জুরীকৃত অর্থ সমাজসেবা অধিদফতরের মহাপরিচালক বরাবরে ন্যস্ত করা হলো।

০২। এ ব্যয় চলতি ২০১৭-১৮ অর্থবছরের বাজেট মঞ্জুরী নং ২৬ এর সাংবিধানিক কোড নং-৩ এর প্রাতিষ্ঠানিক কোড নং ২৯০৫-৩৪৫১-৫৯৩৮ এ বরাদ্দকৃত ১০৩ কোটি ৬৮ লক্ষ টাকা হতে মিটানো হবে।

০৩। প্রত্যেক এতিমখানার নামে পৃথক ক্রস চেকের মাধ্যমে গ্রান্টের টাকা পরিশোধ করতে হবে।

স্বাঃ
শেখ রবিউল ইসলাম
সহকারী সচিব
ফোন: ৯৫৪০১৬৯
Email:skrabiulislam55@gmail.com

নং-৪১.০০.০০০০.০৪৩.০৫.০০৬.১৭-১৪ তারিখ: ০৮.০১.২০১৮

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

১। মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা। বেসরকারি এতিমখানার এতিম নিবাসীদের জন্য মঞ্জুরীকৃত অর্থ নিম্নোক্ত শর্তে বরাদ্দ প্রদানের জন্য অনুরোধ করা হলো। (২০১৭-১৮ অর্থবছরের ১ম কিস্তির গ্র্যান্ট প্রাপ্ত এতিমখানার তালিকা ০১ সেট সংযুক্ত করা হলো)।

(ক) ন্যূনতম ১০ জন এতিম নিবাসী নেই এমন কোন এতিমখানার জন্য ক্যাপিটেশন গ্রান্ট বরাদ্দ দেয়া যাবে না।

(খ) সমাজসেবা অধিদফতরের সাথে নিবন্ধনকৃত নয় এমন কোন এতিমখানাকে ক্যাপিটেশন গ্রান্ট বরাদ্দ দেয়া যাব না ;

(গ) নিবন্ধনকৃত নয় অথবা এতিম শিশু নেই এমন কোন এতিমখানার জন্য ক্যাপিটেশন গ্রান্ট দেয়া হলে সংশ্লিষ্ট উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় দায়ী থাকবেন ;

(ঘ) ১৮ বছরের উর্দ্ধে কোন এতিমকে ক্যাপিটেশন গ্রান্ট বরাদ্দ দেয়া যাবে না ;

(ঙ) যেসব এতিমখানার বিরুদ্ধে মামলা/অভিযোগ আছে তাদের মামলা/অভিযোগ নিষ্পত্তি না হওয়া পর্যন্ত ক্যাপিটেশন গ্রান্ট দেয়া যাবে না ;

(চ) উপরোক্ত শর্ত বা শর্তাদির সাথে অসামঞ্জস্যপূর্ণ হলে সংশ্লিষ্ট এতিমখানার জন্য গ্রান্ট স্থগিত রেখে সংশ্লিষ্ট উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় এ মন্ত্রণালয় এবং সমাজসেবা অধিদফতরকে অবহিত করবেন ;

(ছ) ১ম কিস্তিতে মাথাপিছু এতিমের জন্য মাসিক ১,০০০/- (এক হাজার) টাকা হারে ৬(ছয়) মাসের জন্য ৬,০০০/- (ছয় হাজার) টাকা বরাদ্দ দেয়া হয়েছে। কোন এতিমখানার ক্ষেত্রে বরাদ্দকৃত এতিমের আসন সংখ্যা মঞ্জুরীকৃত টাকার অঙ্কের মধ্যে কোন গরমিল বা অসামঞ্জস্যতা পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট উপপরিচালক সে সম্পর্কে এ মন্ত্রণালয় এবং সমাজসেবা আধিদফতরকে অবিলম্বে অবহিত করবেন।

স্বাঃ
শেখ রবিউল ইসলাম
সহকারী সচিব

নং-৪১.০০.০০০০.০৪৩.০৫.০০৬.১৭-১৪ তারিখ: ০৮.০১.২০১৮

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

০১। যুগ্মসচিব (বাজেট ও ব্যবস্থাপনা), সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। সচিবের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। সিস্টেম এনালিষ্ট, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (জি.ও টি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

০৮.০১.২০১৮

শেখ রবিউল ইসলাম
সহকারী সচিব